

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৫০৫.২০২০-৮৩৫


তারিখ: ১৩ পৌষ ১৪২৭
২৮ ডিসেম্বর ২০২০

বিষয়: এলজিইডি কর্তৃক প্রস্তাবিত “হাওর এলাকায় উড়াল সড়ক ও ভৌত অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াকরণে সেতু বিভাগের Allocation of Business অনুযায়ী কার্যক্রম সম্পাদনের ওপর মতামত প্রদান সংক্রান্ত।

সূত্র: কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং-২০.০০.০০০০.৩৪৬.১৪.০০১.২০-৬৭; তারিখ: ০২/১২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৩৪৯০.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং নভেম্বর ২০২০ হতে জুন ২০২৫ পর্যন্ত মেয়াদ বাস্তবায়নের নিমিত্ত “হাওর এলাকায় উড়াল সড়ক ও ভৌত অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পটি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। এ পর্যায়ে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের সেতু বিভাগ হতে পরিকল্পনা কমিশন-কে জানানো হয়েছে যে, Allocation of Business এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ আইন ২০১৬ এর ধারা ৯ অনুযায়ী ১৫০০ মিটার ও তদুর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, ফ্লাইওভার, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, কজওয়ে, রিংরোড নির্মাণের জন্য জরিপ/সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা, নির্মাণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব সেতু বিভাগ ও এর অধিন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মপরিধিভুক্ত। আলোচ্য প্রকল্পের আওতায় প্রায় ১০.০০ কিঃমিঃ দীর্ঘ এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের প্রস্তাব করা হয়েছে।

২। এমতাবস্থায়, উপরোক্ত প্রেক্ষাপটের আলোকে “হাওর এলাকায় উড়াল সড়ক ও ভৌত অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদনের প্রক্রিয়াকরণ বিষয়ে জরুরিভিত্তিতে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।



(মুহাম্মদ আমিন শরীফ)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৭৫৮০১২

planning1.lgd@gmail.com

প্রধান প্রকৌশলী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা

অনুলিপি:

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।